দৈনিক
ইত্তেফাক

তারিখ 11 SEP 2017
পৃষ্ঠা ৮ কলাম ২

# মেডিক্যাল কলেজ এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি প্রসঙ্গ

মেডিক্যাল এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি ক্ষেত্রে এসএসসি এবং এইচএসসি-র ফলাফলকে বেশ গুরুত্ব দেওয়ায় মেধা থাকা সত্ত্বেও অনেকে ভর্তি হতে পারছে না। ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে এসএসসিতে প্রতি পয়েন্টের (জিপিএ) জন্য ১০ নম্বর এবং এইচএসসিতে ১৫ নম্বর হিসাবে ধরা হয়। অন্যদিকে মেডিক্যালে এসএসসিতে ১৫ নম্বর এবং এইচএসসিতে ২৫ নম্বর নির্ধারিত। একটি মাত্র পয়েন্টের জন্য এত বেশি নম্বর বেঁধে দেওয়া কিছুতেই কাম্য হতে পারে না। একজন ছাত্র ৭৯ নম্বর পেয়ে A এবং আরেক জন ৮০ নম্বর পেয়ে A+ পেল। তেমনিভাবে একজন ৪.৯৯ পয়েন্ট পেয়ে জিপিএ-৪ পেল। আরেক জন পয়েন্ট ৫ পেয়ে জিপিএ-৫ পেল। এখানে নম্বরের ব্যবধান একেবারে নগণ্য, অথচ ঢাকা বিশ্ববিদ্যালয় এবং সরকারি মেডিক্যাল কলেজে ভর্তির ক্ষেত্রে প্রতি পয়েন্টের জন্য অধিক নম্বর নির্ধারণ করা হচ্ছে। ভর্তির ক্ষেত্রে এসএসসি এবং এইচএসসির নির্ধারিত নম্বর আরো, শিথিল করে এসএসসির ক্ষেত্রে ৫ নম্বর এবং এইচএসসির ক্ষেত্রে ৭ নম্বর নির্ধারণ করা হোক। অথবা কেবল ভর্তি পরীক্ষার মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ে এবং মেডিক্যাল ভর্তি করানোর জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

**বিপুল সরকার**
সড়ক ৮. ব্লক এ, সেকশন ১২, পল্লবী, মিরপুর, ঢাকা